



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.lged.gov.bd



শেখ হাদিদার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮ - ২০২

তারিখঃ ০৮/১১/২০২২ ই

অফিস আদেশ

বিষয়ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের দাপ্তরিক প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নংঃ ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৪৯৬, তারিখঃ ২৩-০১-২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্পের দরপত্র প্রক্রিয়াকরণে গতিশীলতা আনয়ন এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১৬(৫)(খ) অনুযায়ী ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) এর অর্পিত দাপ্তরিক প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা ইতোপূর্বে জারীকৃত আদেশ সংশোধনক্রমে সংশ্লিষ্ট ডিপিপি'র কার্যপরিধি ও আর্থিক সীমার মধ্যে কার্য ও ভৌত সেবার ক্ষেত্রে সর্বোচ্চ ৫(পাঁচ) কোটি টাকা এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবার ক্ষেত্রে সর্বোচ্চ ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত স্ব-স্ব অধিক্ষেত্র অনুযায়ী সদর দপ্তরে কর্মরত অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে নিম্নবর্ণিত শর্তে পুনঃঅর্পন (Sub-delegate) করা হলো।

এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সকল ক্রয়কারী ও প্রকল্প পরিচালকগণকে উক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য বলা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

শর্তঃ

১. উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন এড়ানোর লক্ষ্যে একটি প্যাকেজকে ভেঙে ক্ষুদ্র প্যাকেজে বিভক্ত করা যাবে না;
২. ডিপিপি'র সার্বিক ক্রয় পরিকল্পনায় উল্লেখিত কার্যপরিধি ও আর্থিক সীমার অতিরিক্ত যেকোন মূল্যের প্রাক্কলন অথবা যৌক্তিক কারণে পুনঃঅর্পনকৃত ক্ষমতার অতিরিক্ত কোন প্যাকেজকে বিভক্ত করার প্রয়োজন হলে যৌক্তিকতা উল্লেখসহ অনুমোদনের লক্ষ্যে স্ব-স্ব অতিরিক্ত প্রধান প্রকৌশলীর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে;

(সেখ মোহাম্মদ মহসিন)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৫৮১৫২৮০২

ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮ - ২০২/২৮৫৫০

তারিখঃ ০৮/১১/২০২২ ই

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
- ৩। প্রকল্প পরিচালক (সকল)..... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ .....
- ৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ..... উপজেলা, জেলাঃ .....

মোঃ আবদুস সাত্তার

নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

ফোনঃ ০২-৫৫০০ ৬৭৭৫

ই-মেইলঃ

xen.procurement@lged.gov.bd